

Total Pages : 3

B.A./1st Sem (H)/BENG/22(CBCS)

2022

1st Semester Examination

BENGALI (Honours)

Paper : C 2-T

[বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)]

[CBCS]

Full Marks : 60

Time : Three Hours

*The figures in the margin indicate full marks.*

*Candidates are required to give their answers  
in their own words as far as practicable.*

যেকোনো দশটি প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

- ১। চর্যাপদের ভাষা যে প্রাচীন বাংলা ভাষা তা কে প্রথম প্রমাণ করেন? তাঁর রচিত ঐ গবেষণা গ্রন্থটির নাম কী? ১+১
- ২। শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের পুথিটি কে কবে কোথা থেকে আবিষ্কার করেন? ২
- ৩। বাংলা ভাষায় লেখা প্রথম চৈতন্যজীবনী গ্রন্থটির নাম কী? গ্রন্থটি কয়টি খণ্ড এবং কয়টি অধ্যায়ে বিভক্ত তা লেখো। ২
- ৪। লোচনদাসের রচিত চৈতন্যজীবনী গ্রন্থটির নাম কী? গ্রন্থটি কটি খণ্ডে বিভক্ত? খণ্ডগুলির নাম লেখো। ২
- ৫। 'তেরশ পঁচানই শকে গ্রন্থ আরম্ভন।/চতুর্দশ দুই শকে হৈল

P.T.O.

V-1/53 - 5500

( 2 )

সমাপন।' — কার লেখা কোন গ্রন্থে এই শ্লোকের উল্লেখ রয়েছে?  
এই শ্লোক থেকে গ্রন্থ আরম্ভ ও সমাপ্তির সাল নির্ণয় করো।

১+১

- ৬। চণ্ডীমঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবি কে? তাঁর কাব্যের নাম কী?  
১+১
- ৭। মালাধর বসু ভাগবতের কোন দুটি স্কন্ধের অনুবাদ করেছিলেন?  
তিনি কী উপাধি পেয়েছিলেন?  
১+১
- ৮। শ্রীকর নন্দী কার আদেশে কোন্ কাব্য অনুসরণ করে মহাভারত  
রচনা করেছিলেন?  
২
- ৯। কোন বৈষ্ণব কবিকে 'অভিনব জয়দেব' বলা হয়? তাঁর লেখা  
তিনটি গ্রন্থের নাম লেখো।  
১+১
- ১০। সৈয়দ আলাওলের শ্রেষ্ঠ কাব্য কোনটি? কাব্যটি কার লেখা কোন  
কাব্যের অনুবাদ?  
১+১
- ১১। 'গোপীচাঁদের পাঁচালী' গ্রন্থটির রচনাকার কে বা কারা? গ্রন্থটি  
রচনার আনুমানিক সময়সীমা কত?  
১+১
- ১২। কে কাকে কোন্ কাব্যে 'চৈতন্যলীলার ব্যাস' বলে উল্লেখ  
করেছেন?  
১+১
- ১৩। ধর্মমঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবি কে? তাঁর কাব্যের নাম কী?  
১+১
- ১৪। কোন্ কবির মনসামঙ্গল সর্বপ্রথম মুদ্রণ সৌভাগ্য লাভ করেছিল?  
তাঁর কাব্য কী নামে পরিচিত ছিল?  
১+১
- ১৫। চর্যাপদের আদি কবি কে? তাঁর কয়টি পদ চর্যাগীতিতে সংগৃহীত  
হয়েছে?  
১+১

( 3 )

যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

- ১৬। চর্যাপদের নামকরণ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫
- ১৭। টীকা লেখো : কবীন্দ্র পরমেশ্বর। ৫
- ১৮। বাংলা সাহিত্যে বিদ্যাপতির অন্তর্ভুক্তির কারণগুলি সংক্ষেপে  
আলোচনা করো। ৫
- ১৯। আরাকান রাজসভার কবি দৌলত কাজীর কবিকৃতিত্ব সংক্ষেপে  
আলোচনা করো। ১+৪
- ২০। টীকা লেখো : শ্রীকৃষ্ণবিজয় ৫
- ২১। টীকা লেখো : গোরক্ষবিজয় ৫
- যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০
- ২২। কৃত্তিবাসী রামায়ণের জনপ্রিয়তার কারণগুলি ব্যাখ্যা করো। ১০
- ২৩। বাংলা চৈতন্যজীবনী কাব্যগুলির মধ্যে শ্রেষ্ঠ কোনটি? এর  
শ্রেষ্ঠত্বের কারণ ব্যাখ্যা করো। ১০
- ২৪। মনসামঙ্গল কাব্য রচনার কবি বিজয়গুপ্তের কৃতিত্ব বিচার করো। ১০
- ২৫। শাক্ত পদকর্তা হিসেবে রামপ্রসাদ সেনের কৃতিত্বের পরিচয় দাও। ১০